ঝিনাইদহে আন্তর্জাতিক তথ্য দিবস উপলক্ষে গোলটেবিল বৈঠক

“তথ্যের অধিকার, সুশাসনের অঙ্গীকার, তথ্যই শক্তি, তথ্যই মুক্তি” এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে আর্ন্তজাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে ঝিনাইদহে গোলটেবিল বৈঠক অনুষ্টিত হয়েছে।
মঙ্গলবার সকালে শহরের আহার রেষ্টুরেন্টে সুশাসনের জন্য নাগরিক (সুজন) এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে সুজনের সভাপতি আমিনুর রহমান টুকু, জেলা তথ্য অফিসার আবু বক্কর সিদ্দিক, জেলা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল, সদর হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার ডা: মিথিলা পারভীনসহ জেলার বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, সাংবাদিকসহ সচেতন মহল বক্তব্য রাখেন।
বক্তারা, তথ্য অধিকার আইনের প্রয়োগের বাস্তবতা, চ্যালেঞ্জ ও করনীয় বিষয় নিয়ে আলোচনা করেন। সেসময় সরকারি-বেসরকারী দপ্তরের তথ্য সংগ্রহের ব্যপারে বিভিন্ন আইনী ব্যাখা প্রদাণ করেন।

ঝিনাইদহে জাতীয় কণ্যা শিশু দিবস উপলক্ষে আলোচনা সভা ও বক্তৃতা প্রতিযোগিতা

‘আমরা কণ্যা শিশু-‘প্রযুক্তিতে সমৃদ্ধ হবো, ডিজিটাল বাংলাদেশ গড়বো’ এ শ্লোগানকে সামনে রেখে শিশু অধিকার সপ্তাহে জাতীয় কণ্যা শিশু দিবস উপলক্ষে ঝিনাইদহে আলোচনা সভা ও বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা শিশু একাডেমী। এতে জেলা প্রশাসক মজিবর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আইয়ুব হোসেন, মহিলা বিষয়ক অধিদপ্তরের সহকারী পরিচালক

নিলুফার রহমান সহ অন্যান্যরা বক্তব্য রাখেন। বক্তারা, ডিজিটাল বাংলাদেশ গড়তে কণ্যা শিশুদের প্রযুক্তিতে সম্পৃক্ত করতে সকলের প্রতি আহ্বান জানান। পরে দিবস উপলক্ষে বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে অনলাইনে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১০ জন ছাত্রী অংশ নেয়। আগামী ১০ অক্টোবর এ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হবে বলে জানান আয়োজকরা।

ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত

‘শিক্ষা পুনরুদ্ধারের কেন্দ্রবিন্দুতে শিক্ষক’ এ প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহে বিশ্ব শিক্ষক দিবস পালিত হয়েছে।
বাংলাদেশ শিক্ষক সমিতি জেলা শাখার আয়োজনে মঙ্গলবার সকালে শহরের প্রেরণা একাত্তর চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে স্কাউটস ভবনে গিয়ে শেষ হয়। পরে স্কাউটস ভবনের মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
বাংলাদেশ শিক্ষক সমিতি ঝিনাইদহ জেলা শাখার সিনিয়র সহ-সভাপতি মুহঃ আব্দুল মমিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ও শেখ রাসেল হল’র প্রভোস্ট ড. রবিউল হোসেন। প্রধান বক্তা ছিলেন শিক্ষক সমিতি জেলা শাখার সভাপতি ও কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা মন্ডলীর সদস্য শ্যামল কুমার রায়, সদস্য মনিরুজ্জামান, জেলা শাখার যুগ্ম সম্পাদক আলমগীর হোসেন, সদর উপজেলা শাখার সাধারণ সম্পাদক রেজাউল করিম, শৈলকুপা উপজেলা শাখার সাধারণ সম্পাদক মাসুদ করিম। এসময় বক্তারা বলেন, পৃথিবীর ১০০ টি দেশে বিশ্ব শিক্ষক দিবস পালিত হলেও বাংলাদেশে আনুষ্ঠানিক ভাবে এ দিনটি উদযাপিত হয় না। এই দিনটিকে সরকারী ছুটির দাবি জানিয়ে বক্তারা বলেন, এমপিও ভুক্ত শিক্ষক-কর্মচারীদের ২৫ ভাগ ঈদ বোনাস দীর্ঘ ১৬ বছরেও পরিবর্তন হয়নি। তাই বিশ্ব শিক্ষক দিবসে আশা করছি প্রধানমন্ত্রী শেখ হাসিনা

যেভাবে ৫ ভাগ ইনক্রিমেন্ট ও বৈশাখী ভাতা দিয়েছেন ঠিক একই ভাবে মুজিববর্ষেই মাধ্যমিক শিক্ষা জাতীয়করণ করবেন।

গাংনীতে সিঁড়ির নিচে থাকা মোটরসাইকেলে আগুন

মেহেরপুরের গাংনীতে নিজ বাড়ির সিঁড়ির নিচে থাকা প্রবাসী শরিফুল ইসলাম (২৫) এর অ্যাপাচি আরটিআর ১৬০সিসি মোটরসাইকেলে আগুন ধরিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে। সোমবার দিবাগত মধ্যরাতে এ ঘটনা ঘটে। প্রবাসী শরিফুল ইসলাম উপজেলার মটমুড়া ইউনিয়নের মোমিনপুর গ্রামের নাহারুল ইসলামের ছেলে।

শরিফুল ইসলামের স্ত্রী চুমকি খাতুন জানান, সোমবার দিবাগত রাত তিনটার দিকে ঘরে ধোঁয়া ও প্লাস্টিক পোড়া গন্ধে তার ঘুম ভেঙে যায়। তিনি তার শ্বাশুড়ীকে ঘুম থেকে ডেকে সিঁড়ি ঘরের নিচে মোটরসাইকেলটি দাউ দাউ করে আগুন জ্বলতে দেখেন। এ সময় তার চিৎকারে পরিবারের অন্যান্য সদস্যরা এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। ততক্ষণে মোটরসাইকেলটির বেশিরভাগ অংশ আগুনে পুড়ে ছাই হয়ে গেছে। তিনি আরো জানান তার শ্বশুর নাহারুল ইসলাম এ বিষয়ে গাংনী থানায় অভিযোগ করতে গেছেন।

পূর্বশত্রুতার জেরে কোন ব্যক্তি এ কাজটি করেছে কিনা? এমন প্রশ্নের জবাব না দিয়ে তিনি বিষয়টি এড়িয়ে যান। শত্রুতামূলক এ কাজটি কেহ করেছে নাকি বৈদ্যুতিক শটসার্কিট থেকে ঘটনাটি ঘটেছে বিষয়টি পুলিশ খতিয়ে দেখছেন।

গাংনী অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, এ বিষয়ে একটি লিখিত অভিযোগ পেয়েছি তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে।

কোটচাঁদপুরে পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদককে কুপিয়ে জখম

কোটচাঁদপুর অজ্ঞাত দুর্বৃত্তের ধারালো অস্ত্রের আঘাতে গুরতর আহত হয়েছেন পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু (৩০)। মোটরসাইকেলে বাড়ি ফেরার সময় দুর্বৃত্তরা পিছন থেকে হামলা চালিয়ে পালিয়ে যায়। সোমবার রাত ১০ টার দিকে শহরের হাসপাতাল মোড় এলাকায় এ হামলার ঘটনা ঘটে। স্থানীয়রা ছুটে এসে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন। খবর পেয়ে হাসপাতালে ছুটে যান উপজেলা ও পৌর বিএনপি নেতা-কর্মীরা। এদিকে ঘটনাস্থাল পরিদর্শন করেছে থানা পুলিশ। এ ঘটনায় পাশের ভবনের সিসি ক্যামেরা ফুটেজ দেখে পুলিশ আসামীদের সনাক্তের চেষ্টা করছে।

আহত টিপু জানান, সোমবার রাত ১০টার দিকে ব্যবসা প্রতিষ্ঠান থেকে মোটরসাইকেলে বাড়ি ফেরার পথে হাসপাতাল মোড় এলাকায় দুর্বৃত্তরা পিছন থেকে ধারালো অস্ত্র দিয়ে পিঠে আঘাত করে। এসময় আমি কিছু বুঝে উঠার আগেই তারা পালিয়ে যায়। পৌর বিএনপির সভাপতি ও সাবেক পৌর মেয়র এস.কে এম সালাহ্উদ্দিন বুলবুল সিডল জানান, রাজনৈতিক প্রতিহিংসার কারনে এ হামলা হয়েছে। তিনি এ ঘটনার তীব্র প্রতিবাদ ও সুষ্ঠু বিচার দাবি করেন। বিষিয়টি নিশ্চিত করে কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ ওসি মঈন উদ্দিন জানান, এ ঘটনায় এখনো অভিযোগ পাইনি।

অচিরেই চালু হবে স্বাধীনতা সড়ক- ভারতীয় সহকারী হাইকমিশনার

অচিরেই ভারত-বাংলাদেশ সংযোগ সড়ক ” স্বাধীনতা সড়ক” চালু হবে। আমরা সার্বিক বিষয় গুলো পরিদর্শন করে দেখেছি। ভারতের বাকি কাজ গুলো দ্রুততার সাথে সম্পন্ন করা হবে। মঙ্গলবার দুপুরে মেহেরপুরের মুজিবনগরে স্বাধীনতা সড়ক পরিদর্শনকালে এসব কথা বলেন বাংলাদেশে নিযুক্ত ভারতীয় সহকারী হাইকমিশনার সঞ্জীব কুমার ভাট্টি।
এর আগে সঞ্জীব কুমার ভাট্টি মুজিবনগরে পৌছালে উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার তাকে স্বাগত জানান। এরপর স্মৃতিসৌধ পুষ্পস্তবক অর্পণ করেন তিনি। এসময় স্বাধীনতা যুদ্ধে সকল শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে ১ মিনিট নিরবতা পালন করেন সঞ্জীব কুমার ভাট্টি।
পরে মুজিবনগরে অবস্থিত বাংলাদেশের মানচিত্র, মুক্তিযুদ্ধ যাদুঘর ও সোনাপুর গ্রামের পাশ দিয়ে যাওয়া নবনির্মিত স্বাধীনতা সড়ক পরিদর্শন করে। এসময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম, মেহেরপুরের বিশিষ্ট ব্যবসায়ী জেপি আগরওয়ালা প্রমুখ।

মেহেরপুরে এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি

জেলা তথ্য অফিসের আয়োজনে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এণ্ড কলেজ মিলনায়তনে “এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি ” অনুষ্ঠানের আয়োজন করা হয়। মঙ্গলবার দুপুরে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের গল্প শোনান মুক্তিযোদ্ধা ও জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি মোঃ আব্দুল হালিম। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সঞ্চালনায় বক্তব্য রাখেন- জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এণ্ড কলেজের অধ্যক্ষ মোঃ আক্তারুজ্জামান। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফারুক হোসেন, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) / প্রতিদিনের সংবাদ এর মেহেরপুর প্রতিনিধি দিলরুবা খাতুন। শিক্ষার্থীদের মাঝে মুক্তিযুদ্ধের গল্প নিয়ে আলোচনা ও ভিডিওচিত্র প্রদর্শন করা হয়। এরপর মুক্তিযুদ্ধের আলোচনার উপর

শিক্ষার্থীদের প্রশ্নর জবাবে পুরুস্কৃত করা হয়। দশম শ্রেণীর শিক্ষার্থী তাসনিয়া উম্মি মিম ১ম, একাদশ শ্রেণীর শিক্ষার্থী মেঘনা খাতুন ২য় ও দশম শ্রেণীর শিক্ষার্থী আনিকা আক্তারকে ৩য় স্থানের পুরস্কার দেয়া হয় ।

অনেক উন্নয়নের মধ্যেই রয়েছে কিছু সমস্যা! (ভিডিও সহ)

মেহেরপুর পৌরসভার শাহাজি পাড়ার একাংশ, বড় বাজার পাড়ার একাংশ, মুখার্জী পাড়া, থানা পাড়ার একাংশ, হালদার পাড়া, মালোপাড়া, সরকারি বালিকা বিদ্যালয় পাড়া ও বোসপাড়া নিয়ে গঠিত ২নং ওয়ার্ড। এই ওয়ার্ডের মধ্যে রয়েছে, মেহেরপুর সদর থানা, সরকারি বালিকা বিদ্যালয়, কসাইখানা, ভৈরব প্রাথমিক বিদ্যালয়, দুইটি কিন্ডার গার্টেন স্কুল।ওয়ার্ডের মোট ভোটার সংখ্যা বতর্মান ৩৭৮০ জন। ওয়ার্ডে পরপর দুই বারই কাউন্সিলর নির্বাচিত হয়েছেন যুব লীগ নেতা আল মামুন।
০২ ওয়ার্ডের বিভিন্ন এলাকা সরেজমিনে পরির্দশন করে দেখা গেছে, সড়ক নির্মাণ, ড্রেণ নির্মান ও কসাইখানা নির্মাণসহ বেশ কিছু উন্নয়ন কাজ হয়েছে। এর মধ্যে কিছু সড়ক নিচু হওয়ার কারনে বৃষ্টি হলেই পানি জমে যায়। ড্রেণ গুলো নিয়মিত পরিস্কার না করায় পানি নিস্কাশন হয় না।
মুখার্জীপাড়ার শাওন বলেন, ময়লা ফেলার নির্দিষ্ট জায়গা না থাকায় আমরা মেইন সড়কে ময়লা রেখে আসি পৌরসভা থেকে এসে প্রতিদিনের ময়লা প্রতিদিন নিয়ে যায়। এলাকার পানি নিষ্কাশনের ব্যবস্থা ভালো। রাস্তার মাঝখান দিয়ে পাইপ ড্রেন করা সেকারণে পানি জমে না। তানভির বলেন, পাড়ার ভিতরে ড্রেনগুলোর অবস্থা ভালো না। অনেকদিন ধরে পরিষ্কার করে না। তাছাড়া ময়লা ফেলার নির্দিষ্ট জায়গা না থাকায় আমার দোকানের সামনে ময়লা আবর্জনার স্তুপ হয়েছিল। অনেক দিন বলার পর অল্প অল্প করে পরিষ্কার করছে।

নীলমনি হল রোড়ের এক দোকানী বলেন, দোকানের সামনে ভাঙাচুরা ড্রেন। পরিষ্কার না করার কারণে অনেক জায়গায় বুজে গেছে। বৃষ্টির সময় ড্রেনের পানি উপচে পড়ে। নোংরা দূর্গন্ধময় পানি মাড়িয়ে রাস্তায় চলাচল করতে হয়। দূর্গন্ধে লোকজন দোকানে বসতে পারে না। হালদারপাড়ার কুতুব উদ্দিন বলেন, পাড়ার অলিগলির রাস্তাগুলো ব্যবহারের অনুপযোগী হয়ে গেছে। পানি নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা না থাকার কারণে বাড়ির ব্যবহৃত ও বৃষ্টির পানিতে জলবদ্ধতা হয়ে থাকে। নোংরা দূর্গন্ধময় পানি মাড়িয়ে রাস্তায় চলাচল করতে হয়। ময়লা আবর্জনা ফেলার ডাষ্টবিনের অভাবে সড়কের পাশে দূর্গন্ধময় ময়লা আবর্জনায় স্তুুপ হয়ে পড়ে থাকে। একদিন দুদিন পরপর পৌরসভার গাড়ি এসে ময়লা নিয়ে যায়। ড্রেনগুলো অনেক দেরিতে পরিষ্কার করে। এখানে মসজিদের রাস্তাটি দীর্ঘদিন ধরে মেরামত করা হয়নি যার কারণে মুসল্লিদের চলাচলে সমস্যা সৃষ্টি হয়। বৈদ্যুতিক ব্যবস্থা ভালো। তাছাড়া যেকোন সমস্যা কাউন্সিলরকে জানালে তিনি সাথে সাথেই ব্যবস্থা নেওয়ার চেষ্টা করেন।
বোসপাড়ার রুমি খাতুন বাসিন্দা বলেন, এলাকার একাংশে পানি নিষ্কাশনের ব্যবস্থা ভালো হলেও আমাদের অংশে রয়েছে পানি নিষ্কাশনের সমস্যা। দৈনন্দিন ব্যবহৃত ও সামান্য বৃষ্টির পানিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়। পাড়ায় কোনো ডাষ্টবিন নির্মাণ না করায় স্থানীয়রা যেখানে সেখানে ময়লা আবর্জনায় ফেলে। ফলে মশা-মাছির উপদ্রপ বাড়ছে। বাড়ির সামনে খোলা জায়গায় আবর্জনা ফেলার কারণে দূর্গন্ধময় পরিবেশে কষ্ট করেই বসবাস করতে হচ্ছে।
সরেজমিনে গিয়ে, ২নং ওয়ার্ডের অধিকাংশ এলাকায় নেই ময়লা আবর্জনা ফেলার নির্দিষ্ট জায়গা। এলাকার লোকজন যত্রতত্র ময়লা আবর্জনা ফেলে। তবে পৌরসভা থেকে ময়লা আবর্জনা এক দুইদিন পর পর এসে নিয়ে যায় বলে জানান স্থানীয়রা। ড্রেনের ঢাকনা ও পরিষ্কার না করায় ড্রেনে জমা পানি থেকে দূর্গন্ধ ও মশার উপদ্রপ সৃষ্টি হচ্ছে।

কিছু সমস্যা থাকলেও রাস্তা ও ড্রেনের উন্নয়ন লক্ষ্য করা গেছে। তবে অচিরেই যতটুকু সমস্যা রয়েছে সেগুলো সমাধানের প্রক্রিয়াও চলমান বলে জানিয়েছেন ২নং ওয়ার্ড কাউন্সিলর আল মামুন।
ওয়ার্ডের উন্নয়ন চিত্র:
হালদারপাড়া মন্দির থেকে বদন হালদারের বাড়ি পর্যন্ত ঢালাই ড্রেন ও রাস্তা নির্মাণ। একই এলাকায় খোকনের বাড়ি হতে আনন্দ হালদারের বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ, শহিদুলের বাড়ি হতে মহন হালদারের বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ। আখড়াপাড়া বাবু দাসের বাড়ি হতে ভৈরব পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ। বাবু দাসের

বাড়ি হতে শংকরের বাড়ি পর্যন্ত রাস্তা ও ড্রেন নির্মাণ। মালোপাড়া রুমির বাড়ি হতে তুহিনের বাড়ি রাস্তা ও ড্রেন নির্মাণ। মালোপাড়া কবির পুলিশের বাড়ি হতে বুলবুলির বাড়ি পর্যন্ত ঢালাই রাস্তা ও ড্রেন নির্মাণ। বোসপাড়া কাচ বাবুর বাড়ি হতে ভৈরব নদী পর্যন্ত ঢালাই রাস্তা ও ড্রেন নির্মাণ। বোসপাড়া শফির মোড় হতে পুষ্পর বাড়ি পর্যন্ত পিচের রাস্তা নির্মাণ। কসাইখানা হতে ইমাদুলের বাড়ি পর্যন্ত ঢালাই রাস্তা ও কসাইখানা বিল্ডিং নির্মাণ। কুষ্টিয়া টেইলার্স হতে মুখার্জীপাড়া শেষ পর্যন্ত পাইপ ড্রেন ও রাস্তা নির্মাণ। বোসপাড়া মোবাইল স্টেশন থেকে কাশেমের বাড়ি পর্যন্ত ঢালাই ড্রেন ও পিচের রাস্তা নির্মাণ। পার্কের সামনে হতে ইমাদুল মিয়া ও আশকার মিয়ার বাড়ি পর্যন্ত রাস্তা সম্পূর্ণ। আশকার মিয়ার বাড়ি হতে ভৈরব পর্যন্ত ঢালাই ড্রেন ও পিচের রাস্তা। হালদারপাড়ার আখড়া থেকে জিরুর দোকান পর্যন্ত ঢালাই রাস্তা। সাত্তার মিয়ার মোড় থেকে হালদারপাড়ার সমস্ত রাস্তা ও ড্রেন ঢালাই করণ। ফয়েজ ষ্টোর হতে বোসপাড়া শফির মোড় পর্যন্ত পিচ করণ। বড় বাজারের মোড় হতে ক্রিসেন্ট ক্লাব পর্যন্ত রাস্তা পিস করণ। শাহাজিপাড়ার মোড় হতে জামাল মেম্বারের বাড়ি পর্যন্ত ঢালাই ড্রেন ও রাস্তা পিচ করণ। শাহাজিপাড়ার লুৎফরের বাড়ি হতে আবুলের বাড়ি পর্যন্ত রাস্তা পিচ করণ
মেহেরপুর পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর আল মামুন বলেন, আমার নির্বাচনী এলাকায় নানান সমস্যা ছিলো যা আমি অধিকাংশ সমাধানের চেষ্টা করেছি এখনও যতটুকু সমস্যা আছে সেগুলো সমাধানের চেষ্টা অব্যাহত রয়েছে। জনগণের স্বার্থে ও ওয়ার্ডের উন্নয়নের জন্য যেসব কাজ করার কথা ছিল বা ওয়াদাবদ্ধ ছিলাম তা আমি অনেকেই সম্পূর্ণ করতে পেরেছি। এরপরও কিছু কিছু সমস্যা আছে সেগুলো সমাধানের প্রক্রিয়াও চলমান। আমি আমার এলাকার উন্নয়ন ও জনগণের যতটুকু সেবা দেয়া সম্ভব তা দেয়ার চেষ্টা করেছি।

আলমডাঙ্গায় দুই বান্ধবী ধর্ষণ ও হত্যা মামলায় ২ জনের ফাঁসি কার্যকর

যশোর কেন্দ্রীয় কারাগারে দুই বান্ধবী ধর্ষণ ও হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুই আসামির ফাঁসি কার্যকর হয়েছে। সোমবার রাত ১০টা ৪৫ মিনিটে ফাঁসির রায় কার্যকর করা হয়।

মৃত্যুদণ্ডপ্রাপ্তরা হলেন-আলমডাঙ্গায় উপজেলার খাসকররা ইউনিয়নের রায়লক্ষ্মীপুর গ্রামের দুই আসামি আজিজুল ওরফে আজিদ ওরফে আজিজ
(৫০) ও মিন্টু ওরফে কালু (৫০)। আসামিদের শেষ ইচ্ছা অনুযায়ী পরিবারের লোকজনের সঙ্গে সাক্ষাৎ ও পছন্দের খাবারও খাওয়ানো হয়।

জানা যায়, গত ২০০৩ সালের ২৭ সেপ্টেম্বর আলমডাঙ্গা থানার জোড়গাছা গ্রামের কমেলা খাতুন ও তার বান্ধবী ফিঙ্গে বেগমকে ধর্ষণের পর হত্যা করে লাশ ফেলে রাখা হয় রায়লক্ষ্মীপুর মাঠে। এ ঘটনায় খুনের পরদিন নিহত কমেলা খাতুনের মেয়ে নারগিস বেগম আলমডাঙ্গা থানায় হত্যা মামলা দায়ের করেন। মামলায় দণ্ডপ্রাপ্ত ওই দুইজনসহ চারজনকে আসামি করা হয়। অপর দুজন হলেন একই গ্রামের সুজন ও মহি।

মামলা বিচারাধীন অবস্থায় মারা যান আসামি মহি। ২০০৭ সালের ২৬ জুলাই চুয়াডাঙ্গার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল সুজন, আজিজ ও মিন্টুকে মৃত্যুদণ্ডের রায় দেন। এরপর আসামিপক্ষের লোকজন হাইকোর্টে আপিল করেন। চলতি বছরের ২৪ ফেব্রুয়ারি আপিল বিভাগ দুই আসামির রায় বহাল রাখেন এবং আরেক আসামি সুজনকে খালাস দেন। ২০ জুলাই যশোর কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পান খালাসপ্রাপ্ত সুজন।

চলতি বছরের ২৭ জুলাই তারা রাষ্ট্রপতির কাছে প্রাণভিক্ষার আবেদন করেন। আবেদন নামঞ্জুর সংক্রান্ত চিঠি গত ৮ সেপ্টেম্বর যশোর কেন্দ্রীয় কারাগার কর্তৃপক্ষকে দেয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এরপর ফাঁসির রায় কার্যকরের দিন নির্ধারণ করে কারা কর্তৃপক্ষ।

২০০৭ সালের ১০ আগস্ট চুয়াডাঙ্গা জেলা কারাগার থেকে মৃত্যুদণ্ড প্রাপ্ত এই দুই আসামিকে যশোর কেন্দ্রীয় কারাগারে পাঠানো হয়। এতদিন এখানেই বন্দি আছেন তারা।

জলবায়ু ক্ষতিগ্রস্তদের মানবাধিকারভিত্তিক পুনর্বাসন দাবি

আমাদের মাছ বেরিয়ে যায়। লবনে সবজি ক্ষেত নষ্ট হয়ে যায়। আমরা খুব কষ্টে আছি। আমরা নোনা পানি থেকে একটু মিষ্টি পানি পেতে পারি তার ব্যবস্থা করুন। দু’বার বাঁধ তৈরি হলেও তা ভেঙে গেছে। আমাদের জন্য মজবুত করে বাঁধ তৈরি করে দিন’- কান্না জড়িত কন্ঠে বলছিলেন মোংলার কানাইনগর গ্রামের গৃহবধু সোনালী সর্দার (৩৫)।

সোনালীর আকুতি, ‘আমরা দরিদ্র, আমরা ক্ষুধার্ত। আমাদের জীবনতো গেছেই, আমাদের সন্তানেরা যেন মানুষের মত বাঁচতে পারে’।

রবিবার (০৩ অক্টোবর) খুলনার মোংলা উপজেলায় পরিদর্শনরত ক্লাইমেট পার্লামেন্ট বাংলাদেশ প্রতিনিধিদলের কাছে দুর্ভোগের কথা তুলে ধরছিলেন সোনালী। চাঁদপাই ইউনিয়নে আয়োজিত নাগরিকদের সাথে জলবায়ু বিষয়ক মতবিনিময় সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্লাইমেট পার্লামেন্ট বাংলাদেশের আহবায়ক সংসদ সদস্য নাহিম রাজ্জাক এবং বাসন্তী চাকমা এমপি।

ব্রিটিশ কাউন্সিলের প্রকাশ কর্মসূচির আওতায় এই পরিদর্শন ও ক্লাইমেট টক কার্যক্রমে সহায়তা প্রদান করছে প্রতীকি যুব সংসদ, ইয়ুথনেট ফর ক্লাইমেট জাস্টিস এবং আর্থ সোসাইটি।

মোংলা উপজেলা নির্বাহী অফিসার কমলেশ মজুমদার, ইউপি চেয়ারম্যান মোল্লা তারিকুল ইসলামসহ স্থানীয়রা জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাবের কথা তুলে ধরেন। তারা টেকসই বেড়িবাঁধ এবং সুপেয় পানির দাবি জানান।

ক্লাইমেট পার্লামেন্ট বাংলাদেশের আহবায়ক নাহিম রাজ্জাক এমপি জানিয়েছেন ক্ষতিগ্রস্ত এলাকার মানুষের কথা জাতীয় সংসদসহ আসন্ন জাতিসংঘ জলবায়ু সম্মেলনে (Kc২৬) তুলে ধরা হবে। জলবায়ু ক্ষতিগ্রস্তদের জন্য সুবিচার আদায়ে কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি

দিয়েছেন সংসদ সদস্য বাসন্তী চাকমা-ও।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দ্য আর্থ সোসাইটির নির্বাহী পরিচালক মোহাম্মদ মামুন মিয়া, প্রতীকি যুব সংসদের চেয়ারপার্সন আমিনুল ইসলাম, নির্বাহী প্রধান ও ইয়ুথনেট ফর ক্লাইমেট জাস্টিসের সমন্বয়ক সোহানুর রহমান, প্রকল্প সমন্বয়কারী ময়ূরী আক্তার টুম্পা।